

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১২৬

ভূমিকা পর্ব (১৯৯০)

পরিচ্ছেদঃ ১৬. ত্বালহাহ্ বিন উবাইদুল্লাহ (রাঃ)-এর সম্মান

بَابِ فَضْلِ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللهِ رَضِيَ اللهُ عَنْهُ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الْأَزْهَرِ، حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ، حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَة، حَدَّثَنِي إِسْحَاقُ بْنُ يَحْيَى بْنِ طَلْحَة، عَنْ مُعَاوِيَة بْنِ أَبِي سُفْيَانَ، قَالَ نَظَرَ إِسْحَاقُ بْنُ يَحْيَى بْنِ طَلْحَة ، عَنْ مُعَاوِيَة بْنِ أَبِي سُفْيَانَ، قَالَ نَظَرَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - إِلَى طَلْحَة فَقَالَ " هَذَا مِمَّنْ قَضَى نَحْبَهُ " .

বাংলা

২/১২৬। মুআবিয়াহ ইবনু আবূ সুফ্ইয়ান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ত্বলহাহ এর দিকে তাকিয়ে বলেনঃ যারা নিজেদের মানৎ পূর্ণ করেছে সে তাদের অন্তর্ভুক্ত।

English

It was narrated that Mu'awiyah bin Abu Sufyan said:
"The Prophet looked at Talhah and said: 'This is one of those who fulfilled their covenant.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিযী ৩২০২

তাহকীক্ব আলবানী: হাসান। তাখরীজ আলবানী: সহীহাহ ১২৫। উক্ত হাদিসের রাবী ১. আমর বিন উসমান সম্পর্কে আবু হাতীম আর-রায়ী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। ইবনু আদী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায়। ইমাম নাসাঈ বলেন তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। আল উকাইলী বলেন, তিনি দুর্বল। আল আযদী বলেন তার হাদিস দুর্বল। ২. ইসহাক বিন ইয়াহইয়া বিন তালহাহ সম্পর্কে ইয়াহইয়া বিন সাঈদ বলেন, কোন সমস্যা নেই। আলী ইবনু মাদীনী বলেন মুনকারুল হাদীস ও তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। ইমাম বুখারী বলেন তিনি সত্যবাদী কিন্তু তিনি হাদিস বর্ণনায় সন্দেহ করেন। হাদিসটির ৭৪ টি শাহিদ হাদিস রয়েছে তন্মধ্যে তিরমিয়িতে ৫



টি, ইবনু মাজায় ৩ টি ও বাকীগুলো অন্যান্য কিতাবে বর্ণিত রয়েছে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবন আবূ সুফিয়ান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন